

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

তারকাদের ভালোবাসায় সিক্ত আবুল হায়াত -পৃষ্ঠ-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৩৬ ঃ মেহেরপুর- মঙ্গলবার ৯ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ২৫ ভাদ্র ১৪৩২ বাংলা ঃ ১৫ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com


## এবারও দুর্গাপূজায় ভারতে যাচ্ছে ইলিশ

সূর্যোদয় প্রতিবেদন

ছয় বছর ধরে প্রতিবছরের মতো এবারও দুর্গাপূজার আগে ভারতে ইলিশ মাছ রপ্তানি করবে বাংলাদেশ। এ উপলক্ষ্যে সরকার নীতিগতভাবে ১,২০০ মেট্রিক টন ইলিশ রপ্তানির অনুমোদন দিয়েছে। ভারতের পশ্চিমবঙ্গে বাংলাদেশের ইলিশ মাছের ব্যাপক চাহিদা থাকায় প্রতি বছর এই রপ্তানি আয়োজন করা হয়। বাণিজ্য মন্ত্রণালয়ের উপসচিব এস এইচ এম মাগফুরুল হাসান আব্বাসী স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগ্রহী রপ্তানিকারকরা আগামী ১১ সেপ্টেম্বর বিকেল ৫টার মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে হার্ড কপিতে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের সঙ্গে সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ইআরসি, আয়কর সার্টিফিকেট, ভ্যাট সার্টিফিকেট, বিক্রয় চুক্তিপত্র ও মৎস্য অধিদপ্তরের

২-এর পৃষ্ঠা দেখুন







## ‘প্রযুক্তির যুগে সাক্ষরতার প্রসার’ শীর্ষক প্রতিপাদ্যে আন্তজাতিক স্বাক্ষরতা দিবস পালন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসকের উদ্যোগে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। এ ছাড়া জেলার বিবিণ্ন স্থানে ও পাশ্বর্তি চুয়াডাঙ্গা জেলাতেও আন্ত জাতিক স্বাক্ষতা দিকস পালিত হয়েছে। আমাদের প্রতিনিধির পাঠানো প্রতিবেদন।

মেহেরপুর : ‘প্রযুক্তির যুগে সাক্ষরতার প্রসার’ শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে র‍্যালি ও আলোচনা সভাসহ নানা কর্মসূচির মধ্যদিয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হচ্ছে। দিবসটি উপলক্ষে গতকাল সোমবার (৮ সেপ্টম্বর) সকাল ১০টার দিকে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন ও জেলা উপ-আনুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আয়োজিত এ আলোচনা সভায় সভাপতিত্ব করেন মেহেরপুরের জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম। আলোচনা সভায় জেলায় উপ-আনুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারি পরিচালক সুরুজ আলীর সঞ্চালনায় আরও বক্তব্য রাখেন- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তরিকুল ইসলাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সদর উপজেলা নিবার্হী কর্মকর্তা খাইরুল ইসলাম, জেলায় ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ্ আল মামুন, জেলা সহকারি শিক্ষা অফিসার আব্দুল রাহিম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা রুহুল আমিন, জেলায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপ-পরিচালক আব্দুস সাত্তার, মেহেরপুর সরকারি কলেজের প্রভাষক এস এম আশরাফুল হাবীব প্রমুখ। আলোচনা সভার আগে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালামের নেতৃত্বে একটি র‍্যালি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। র‍্যালি ও আলোচনা সভায় সরকারি বিভিন্ন দফতরের কর্মকর্তা, শিক্ষকবৃন্দ, এনজিও প্রতিনিধি প্রমুখ উপস্থিত ছিলেন। মাউক : “সাক্ষরতা শুধুই পড়াশোনার মাঝে সীমাবদ্ধ নয়, এটি হলো

২-এর পৃষ্ঠা দেখুন

## সংস্কার না হওয়ায় নষ্ট হচ্ছে মৎস্য অবতরণ কেন্দ্র, ক্ষতিগ্রস্ত জেলে-ব্যবসায়ী

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীর মোহাম্মদপুর-চরগোয়াল গ্রামের মরা নদীতে প্রায় ৩০ বছর আগে স্থাপন করা হয়েছিল মৎস্য অবতরণ কেন্দ্র। একসময় জেলে, শ্রমিক ও মাছ ব্যবসায়ীদের পদচারণায় জমজমাট থাকলেও ধীরে ধীরে নদীর পানিশূন্যতা, জায়গার সংকট ও অবকাঠামোগত দুর্বলতার কারণে এটি অচল হয়ে পড়ে। বর্তমানে দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে কেন্দ্রটি। স্থানীয়রা জানান, উপজেলার অধিকাংশ জেলে, শ্রমিক ও মাছ ব্যবসায়ী সরাসরি বা পরোক্ষভাবে এই কেন্দ্রে মাছ অবতরণ ও বেচাকেনার সঙ্গে যুক্ত ছিলেন। কিন্তু জরাজীর্ণ পন্টুন, মাছ ওঠানামার জেটি নষ্ট হয়ে যাওয়া, পানির অভাব এবং মাছ সংরক্ষণের জায়গা না থাকায় এখন প্রতিদিনই অতিরিক্ত খরচ করে জেলার বাইরে মাছ বিক্রি করতে হচ্ছে। এতে খরচ

২-এর পৃষ্ঠা দেখুন





## সদর ইউএনও’র মন্দির পরিদর্শন শান্তিপূর্ণ দুর্গোৎসবের আহ্বান

নিজস্ব প্রতিবেদক

আসন্ন শারদীয় দুর্গোৎসব সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলার বিভিন্ন মন্দির পরিদর্শন করেছেন সদর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মোঃ মাহমুদ খাইরুল ইসলাম। গতকাল

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দামুড়হুদায় সড়ক দুর্ঘটনায় জিহাদ (১৬) নামের এক স্কুলছাত্র নিহত হয়েছে। গতকাল সোমবার (৮ সেপটম্বর) ভোর ৫টার দিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়। রোববার (৭ সেপ্টম্বর) বিকেল সাড়ে ৫টার দিকে উপজেলার মুজিবনগর-কার্পাসডাঙ্গা সড়কের কাউন্সিল মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জিহাদ পাটাচোরা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির শিক্ষার্থী এবং একই গ্রামের জাহিদুল ইসলামের ছেলে। প্রত্যক্ষদর্শীরা জানান, রোববার বিকেল সাড়ে ৫টার

২-এর পৃষ্ঠা দেখুন



## ভোক্তা-অধিকারের অভিযানে ৩৫ হাজার টাকা জরিমানা

নিজস্ব প্রতিবেদক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয়ের উদ্যোগে সদর উপজেলার বড়বাজার সংলগ্ন এলাকায় অভিযান চালানো হয়েছে।গতকাল সোমবার (৮ সেপ্টেম্বর) দুপুর পর্যন্ত পরিচালিত এ অভিযানে তিন প্রতিষ্ঠানকে মোট ৩৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানে যথাযথ কর্তৃপক্ষের লাইসেন্স ছাড়া

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুর স্কাউটের জেলা প্রশাসকের সাথে সাক্ষাৎ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা স্কাউটের নেতৃবৃন্দ মেহেরপুরের নবাগত জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। সোমবার সকালে জেলা প্রশাসকের কক্ষে অনুষ্ঠিত এ সাক্ষাতে জেলা স্কাউটের নেতারা নবাগত জেলা প্রশাসককে ফুলেল শুভেচ্ছা জানান।

সৌজন্য সাক্ষাতে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা স্কাউটের সম্পাদক আবুল হোসেন, কোষাধাক্ষ মহিদুল ইসলাম, কাব স্কাউট লিডার ফারুক হোসেন, মেহেরপুর সদর উপজেলা

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে পুলিশের বিশেষ কল্যাণ সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা পুলিশ লাইন্স ড্রিলসেড। গতকাল সোমবার (৮ সেপ্টেম্বর) সকালে এখানেই জমায়েত হয়েছিল মেহেরপুর জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের সদস্যরা। ছিল এক ভিন্ন আবহ, কেউ দায়িত্বরত অবস্থায় নয়, বরং নিজেদের সমস্যা ও দাবি-দাওয়ার কথা উন্মুক্তভাবে তুলে ধরার সুযোগ পেয়েছিলেন তারা। সভায় সভাপতিত্ব

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে শিশু নির্যাতনের অভিযোগে যুবক গ্রেফতার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে ৭ বছর বয়সী শিশুকে বাড়ির পাশে নির্মাণাধীন ঘরে ডেকে নিয়ে জোরপূর্বক শারীরিক নির্যাতনের চেষ্টার অভিযোগ উঠেছে আকাশ (২০) নামে যুবকের বিরুদ্ধে। রোববার (৭ সেপ্টেম্বর) বিকেল সাড়ে পাঁচটার দিকে উপজেলার ষোলটাকা ইউনিয়নে ঘটনাটি ঘটেছে । এ ঘটনায় সোমবার (৮ সেপ্টেম্বর) দুপুরে ভুক্তভোগীর মা

২-এর পৃষ্ঠা দেখুন

## এক দেশে কী দুই সংবিধান থাকতে পারে, প্রশ্ন সালাহউদ্দিনের

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমেদ বলেছেন, সংবিধান সংশোধন বা সংস্কারের নামে যেন দেশে দ্বৈত পরিস্থিতি তৈরি না হয়। তিনি প্রশ্ন তুলেছেনড়“এক দেশে কী দুই সংবিধান থাকতে পারে?” রোববার এক আলোচনা সভায় তিনি বলেন, “যারা বিশেষজ্ঞরা আলোচনা করছেন, সংবিধানের সমস্ত সংশোধনী প্রস্তাবগুলোড় যেগুলো ঐক্যমতের ভিত্তিতে গৃহীত হয়েছে কিংবা কিছু নোট অব ডিসেন্টসহ অনুমোদিত হয়েছেড়সেগুলো বাস্তবায়নের প্রচেষ্টা চলছে। কিন্তু এখন যে সংবিধান বহাল আছে, এর ভিত্তিতেই তো সরকার প্রতিষ্ঠিত হয়েছে, শপথ নিয়েছে, প্রশাসন

২-এর পৃষ্ঠা দেখুন



## কোলা গ্রামে জামায়াতে ইসলামী’র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের কোলা গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে গতকাল সোমবার (৮ সেপ্টেম্বর)বিকেল ৫টায় গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গণসংযোগে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর-১ আসনের পদপ্রার্থী মাওলানা তাজ উদ্দিন খান। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## নির্বাচনকে ঘিরে সেনাবাহিনীর প্রস্তুতি, অপেক্ষা ইসির নির্দেশনার

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিতব্য জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সেনাবাহিনী পূর্ণ প্রস্তুত রয়েছে। তবে দায়িত্ব পালনের জন্য এখনো নির্বাচন কমিশনের (ইসি) আনুষ্ঠানিক নির্দেশনা মেলেনি বলে জানিয়েছে সেনাসদর। শিগগিরই ইসির পক্ষ থেকে সুনির্দিষ্ট দিকনির্দেশনা আসবে বলে আশা করছে তারা। সোমবার (৮ সেপ্টেম্বর) দুপুরে ঢাকা সেনানিবাসের অফিসার্স মেসে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সেনাসদরের মিলিটারি অপারেশন্সের পরিচালক কর্নেল মো. শফিকুল ইসলাম এ তথ্য জানান। তিনি বলেন, “নির্বাচন কমিশনের নির্দেশনার আলোকে সেনাবাহিনী নিরপেক্ষ ও সুষ্ঠু

২-এর পৃষ্ঠা দেখুন



## দুই ইউনিয়ন বাদে কুষ্টিয়া সদর বিএনপি সম্মেলন: জেলা কার্যালয় ঘেরাও ও বিক্ষোভ

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া সদর উপজেলা বিএনপির সম্মেলনকে কেন্দ্র করে হরিনারায়ন-পুর ও আবদালপুর ইউনিয়নের নেতাকর্মীরা সোমবার জেলা বিএনপির কার্যালয় ঘেরাও ও বিক্ষোভ করেছেন। তারা জেলা নেতাদের বিরুদ্ধে স্লোগান দিয়েছেন এবং সম্মেলন বন্ধের দাবি তুলেছেন। জানা গেছে, আগামী ১১ সেপ্টেম্বর কুষ্টিয়া সদর উপজেলা বিএনপির সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা। কিন্তু হরিনারায়নপুর ও আবদালপুর ইউনিয়নের সম্মেলন না হওয়ায় ওই দুই ইউনিয়নের প্রতিনিধিদের ভোটার তালিকা

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

**মামুনুর রশিদ মামুন**

**খবর: (৭৬ কোটির হাসপাতাল ভবন ব্যবহারহীন)**

ছিয়াত্তর কোটি টাকা ব্যয়ে
তৈরি হলো হাসপাতাল
আজও সেটা বন্ধ রইলো
চাবি দিয়ে খুললো না দার ।
এগারো তালায় তালা বন্ধ
নিচের তালা খোলা
মোটরসাইকেলের গ্যারেজ এখন
ঝাল মুড়ি ওয়ালা ভরা ।
শুরু হয়নি চিকিৎসা সেবা
ভবন আছে দাঁড়িয়ে
এখন সেবার অনেক বাকি
চিকিৎসা সেবা চলছে খুঁড়িয়ে।
কবে হবে চিকিৎসা শুরু
কবে আসবে ডাক্তার
বিল্ডিং এর কাজ হয়নি শেষ
কে নিবে তার দায়ভার।




## মাদক সম্রাট ঝন্টুর সেকেন্ড ইন কমান্ড চাঁদ আটক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে মাদক সম্রাট ঝন্টুর বাহিনীর সেকেন্ড ইন কমান্ড, অবসরপ্রাপ্ত সেনা সদস্য চাঁদ আলীকে আটক করেছে যৌথবাহিনী। স্থানীয় সূত্রে জানা গেছে, চাঁদ আলী দীর্ঘদিন ধরে ঝন্টুর মাদক ব্যবসার মূল কাণ্ডারি হিসেবে কাজ করছিল। গতকাল সোমবার (৮ সেপ্টেম্বর)

২-এর পৃষ্ঠা দেখুন



## যতারপুর স্মৃতি ফুটবল টুর্নামেন্টে জয়ী পোড়াদাহ ওয়ান্ডার্স

মুজিবনগর প্রতিনিধি

মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের উদ্যোগে যতারপুর মাঠে অনুষ্ঠিত মরহুম মাদার আলী বিশ্বাস স্মৃতি ফুটবল টুর্নামেন্টে পোড়াদাহ ওয়ান্ডার্স ক্লাব জয় লাভ করেছে।গতকাল সোমবার (৮ সেপ্টম্বর)

২-এর পৃষ্ঠা দেখুন


হৃদয়ে লাল সবুজ
আমাদের সূর্যোদয় এখন

**পত্রিকাতেও যেমন, ওয়েবেয়েও তেমন**

প্রতিদিনের পত্রিকা অনলাইনে দেখতে ক্লিক করেন
www. amadersurjodoy.com
আমাদের সূর্যোদয়
প্রধানসড়ক, হোটেল বাজার,মেহেরপুর।
মোবাইল :01714938647

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ মঙ্গলবার ॥ ২৫ ভাদ্র ১৪৩২ বাংলা ॥ ৯ সেপ্টেম্বর ২০২৫ইং

# জুলাই সনদ বাস্তবায়নে সাংবিধানিক আদেশই প্রধান পথ

সূর্যোদয় প্রতিবেদন

জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট নয়, বরং বিশেষ সাংবিধানিক আদেশই সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়ড়এমন অভিমত দিয়েছেন বিশেষজ্ঞরা। তাদের মতে, সংবিধানের ৭ অনুচ্ছেদ ও জুলাই ঘোষণাপত্রের ২২ ধারার আলোকে রাষ্ট্রপতি সাংবিধানিক আদেশ জারি করলে তাৎক্ষণিকভাবে সনদ কার্যকর হবে। রোববার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অনুষ্ঠিত ঐকমত্য কমিশনের রুদ্ধদ্বার বৈঠকে বিশেষজ্ঞরা এ পরামর্শ দেন। বৈঠকে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত বিচারপতি এম এ মতিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন মোহাম্মদ ইকরামুল হক, জ্যেষ্ঠ আইনজীবী ড. শরিফ ভূঁইয়া ও ব্যারিস্টার ইমরান সিদ্দিক। বৈঠক সূত্র জানায়, জুলাই সনদের যেসব সংস্কার বাস্তবায়নে সংবিধান সংশোধনের প্রয়োজন, তা গণভোটে দেওয়ার আলোচনাও হয়। তবে বিশেষজ্ঞরা মত দেন, গণভোট সবচেয়ে টেকসই হলেও বর্তমান রাজনৈতিক বাস্তবতায় তা আয়োজন সম্ভব নয়। কারণ, প্রধান রাজনৈতিক দল বিএনপি গণভোটে রাজি নয়। আবার গণভোটে সংস্কার প্রস্তাব পাস না হলে নৈরাজ্যকর পরিস্থিতি তৈরি হওয়ার আশঙ্কা রয়েছে। সূত্রগুলো জানায়, সনদের একাংশে থাকবে সংস্কারের ৮৪ সিদ্ধান্ত ও অঙ্গীকার। অপরাংশে থাকবে বাস্তবায়ন পদ্ধতি। এর মধ্যে ৭৩ দফায় রাজনৈতিক দলগুলোর ঐকমত্য রয়েছে। তবে বাকি সিদ্ধান্তগুলোতে কিছু দলের আপত্তি বা 'নোট অব ডিসেন্ট' রয়েছে। বিশেষ করে উচ্চকক্ষ গঠন, দুদকের নিয়োগের বিশেষ কমিটি গঠনসহ নয়টি বিষয়ে বিএনপি আপত্তি জানিয়েছে। উচ্চকক্ষ গঠনে আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) পদ্ধতি নিয়েই সবচেয়ে বড় মতপার্থক্য তৈরি হয়েছে। প্রধান উপদেষ্টা বিএনপিকে এই পদ্ধতি মেনে নিতে অনুরোধ করলেও তারা রাজি হয়নি। সংবিধানের ৭(১) অনুচ্ছেদে বলা আছে, জনগণ প্রজাতন্ত্রের সব ক্ষমতার মালিক এবং জনগণের অভিপ্রায়ের চূড়ান্ত প্রকাশই সংবিধান। বিশেষজ্ঞদের মতে, জুলাই অভ্যুত্থানের মাধ্যমে জনগণ তাদের 'কনস্টিটুয়েন্ট পাওয়ার' প্রয়োগ করেছে। সেই ক্ষমতার ভিত্তিতেই অন্তর্বর্তী সরকার গঠিত হয়েছে। ফলে বর্তমান সরকারের সাংবিধানিক আদেশ জারি করার অধিকার রয়েছে। জুলাই ঘোষণাপত্রের ২২ ধারায়ও সংস্কারের অঙ্গীকার স্পষ্ট করা হয়েছে যাতে বলা হয়েছে সুশাসন, সুষ্ঠু নির্বাচন ও

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা




## হারবাল পণ্য কি সত্যি লিভার পরিষ্কারে কাজ করে?

সূর্যোদয় প্রতিবেদন

হারবাল পণ্য শরীরের জন্য উপকারী হতে পারে, তবে এদের কার্যকারিতা ও নিরাপত্তা নির্ভর করে নির্দিষ্ট পণ্য, তার উপাদান এবং ব্যবহারের পদ্ধতির ওপর। অনেক হারবাল পণ্য যেমনড় হলুদ, আমলকী, বিট, যা লিভার ডিটক্স বা ত্বক পরিষ্কার করার জন্য ব্যবহার হয়ে থাকে, সেগুলো শরীরের জন্য ভালো হতে পারে। তবে সব হারবাল পণ্যের উপকারিতা বৈজ্ঞানিকভাবে প্রমাণিত নয় এবং কিছু ক্ষেত্রে এগুলো ঝুঁকিপূর্ণও। তাই যে কোনো হারবাল পণ্য ব্যবহারের আগে একজন স্বাস্থ্য বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া একান্ত জরুরি। কারণ হারবাল পণ্য কি আসলেই শরীরের টক্সিন ছেঁকে ফেলতে সক্ষম হয়, নাকি এসব সেবন শরীরের জন্য ঝুঁকিপূর্ণ তা ভেবে দেখা প্রয়োজন? সেগুলোই তুলে ধরা হয়েছে আজকের প্রতিবেদনে। চিকিৎসাবিজ্ঞানে ভেষজ বা উদ্ভিজ্জ প্রাকৃতিক উপাদানের ব্যবহার আজকের নয়। সুপ্রাচীনকাল থেকেই নানা প্রাকৃতিক উপাদান ব্যবহৃত হয়ে আসছে ওষুধে।

৩-এর পৃষ্ঠা দেখুন



## গঙ্গা পানি চুক্তি: মঙ্গলবার বৈঠকে বসছে বাংলাদেশ-ভারত

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশ-ভারত গঙ্গা পানি চুক্তির ভবিষ্যৎ নিয়ে আগামীকাল মঙ্গলবার ঢাকায় বসতে যাচ্ছে দুই দেশের কর্মকর্তারা। বৈঠকে অংশ নেবেন যৌথ নদী কমিশনের (জেআরসি) কারিগরি বিশেষজ্ঞরা। ১৯৯৬ সালের ১২ ডিসেম্বর স্বাক্ষরিত গঙ্গা-পদ্মা পানিবণ্টন চুক্তির মেয়াদ ৩০ বছর। আগামী বছর (২০২৬ সালে) চুক্তির মেয়াদ শেষ হচ্ছে। ফলে চুক্তির বাস্তবায়ন, নবায়ন ও সংশোধন নিয়ে এখনই আলোচনা শুরু করেছে দুই দেশ। বাংলাদেশ-ভারতের মধ্যে নিয়ম অনুযায়ী, প্রতি দুই বছরে দু'বার করে গঙ্গা পানি চুক্তি নিয়ে আলোচনা হয়। চলতি বছরের মার্চে দিল্লিতে একটি বৈঠক হয়। এবারের বৈঠক অনুষ্ঠিত হবে ঢাকায়। বাংলাদেশের পক্ষে যৌথ নদী কমিশনের সদস্য

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারত-পাকিস্তান হাইভোল্টেজ ম্যাচের দায়িত্বে বাংলাদেশের মুকুল

সূর্যোদয় প্রতিবেদন

এবারের এশিয়া কাপ ২০২৫-এ বাংলাদেশের দুই অভিজ্ঞ আম্পায়ার মাসুদুর রহমান মুকুল ও গাজী সোহেল গুরুত্বপূর্ণ দায়িত্বে থাকবেন। বিশেষ করে, ১৪ সেপ্টেম্বর দুবাইয়ে অনুষ্ঠিতব্য বহুল প্রত্যাশিত ভারত-পাকিস্তান ম্যাচে মাঠের আম্পায়ারের দায়িত্বে থাকবেন মুকুল। তার সঙ্গে থাকবেন শ্রীলংকার রুচিরা পালিয়াগুরুগে, আর টিভি আম্পায়ার হিসেবে দায়িত্ব পালন করবেন আফগানিস্তানের আহমাদ পাকতিন ও ইজাতউল্লাহ শফি। ম্যাচ রেফারির দায়িত্বে থাকবেন আইসিসির অভিজ্ঞ কর্মকর্তা অ্যান্ডি পাইক্রফট। এছাড়া, বাংলাদেশের আরেকজন আম্পায়ার গাজী সোহেল ১০ সেপ্টেম্বর অনুষ্ঠিত ভারত বনাম সংযুক্ত আরব আমিরাত ম্যাচে আম্পায়ারিংয়ের দায়িত্ব পালন করবেন। মোট ৮টি দল নিয়ে অনুষ্ঠিত হতে যাওয়া এবারের এশিয়া কাপের গ্রুপ পর্বে মোট

৩-এর পৃষ্ঠা দেখুন



## খালেদা জিয়া একদিনের জন্যও মাথা নত করেননি: ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার অবদান স্মরণ করে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দেশনেত্রী দীর্ঘ নয় বছর স্বৈরশাসনের বিরুদ্ধে আন্দোলন করেছেন, আবার গত ১৫ বছর লড়াই করেছেন ফ্যাসিস্ট শাসনের বিরুদ্ধে। তবুও একদিনের জন্যও তিনি মাথা নত করেননি। সোমবার (৭ সেপ্টেম্বর) দুপুরে ঠাকুরগাঁও সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের বড় মাঠে জেলা বিএনপির দ্বিবার্ষিক সম্মেলনের উদ্বোধনী বক্তব্যে তিনি এসব কথা বলেন। তারেক রহমানকে ভবিষ্যৎ নেতৃত্বের প্রতীক হিসেবে তুলে ধরে ফখরুল বলেন, "দেশের মানুষ আজ তার দিকেই তাকিয়ে আছে। তার নেতৃত্বেই আগামী দিনে গণতন্ত্রকে শক্তিশালী করা হবে।" তিনি দাবি করেন, বিএনপি বহুদলীয় গণতন্ত্র প্রবর্তন করেছে, মিডিয়ার স্বাধীনতা নিশ্চিত

৩-এর পৃষ্ঠা দেখুন

## এশিয়ার সেরা টি-টোয়েন্টি একাদশে সাকিব আল হাসানের স্থান

সূর্যোদয় প্রতিবেদন

সংযুক্ত আরব আমিরাতে এক দিনের মধ্যে শুরু হচ্ছে এশিয়া কাপের ১৭তম আসর। টি-টোয়েন্টি বিশ্বকাপকে সামনে রেখে এশিয়ার ক্রিকেটপ্রেমীরা উত্তেজনার মধ্যে রয়েছেন। এই আসরের আগে ইএসপিএনক্রিকইনফো প্রকাশ করেছে এশিয়ার সেরা টি-টোয়েন্টি একাদশের তালিকা, যেখানে বাংলাদেশের ক্রিকেট কিংবদন্তি সাকিব আল হাসানকেও স্থান দেওয়া হয়েছে। একাদশ বাছাইয়ের ক্ষেত্রে শুধুমাত্র আন্তর্জাতিক ক্রিকেট নয়, ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টসহ সব ধরনের পারফরম্যান্সকে বিবেচনায় রাখা হয়েছে। বিশ্লেষকরা সাকিবকে ৬ নম্বর অবস্থানে খেলানোর জন্য উপযুক্ত মনে করেছেন। স্পিন বিভাগে সাকিবের সঙ্গী হয়েছেন পাকিস্তানের শহিদ আফ্রিদি এবং

৩-এর পৃষ্ঠা দেখুন



## রাহুল-প্রিয়াঙ্কা মডেলে' ছেলেমেয়েকে দলীয় নেতৃত্বে আনছেন হাসিনা

সূর্যোদয় প্রতিবেদন

একটানা ৪৩ বছরেরও বেশি সময় ধরে আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করছেন শেখ হাসিনা। তবে দলের নেতৃত্বের উত্তরাধিকারের বিষয়টি দীর্ঘদিন ধরে অমীমাংসিত ছিল। বিশেষ করে তার অনুপস্থিতিতে দলের কার্যক্রম ও তৃণমূল স্তরের নেতা-কর্মীদের দিশাহীনতার শঙ্কা অনেককে ভাবিয়ে তুলেছে। বিবিসি বাংলার তথ্য অনুযায়ী, বর্তমান পরিস্থিতিতে শেখ হাসিনা তার পুত্র সজীব ওয়াজেদ জয় ও কন্যা সায়মা ওয়াজেদ পুতুল-কে নির্দিষ্ট দায়িত্ব দিয়ে দলের শীর্ষ নেতৃত্বে আনতে চাইছেন। পাশাপাশি এই পরিকল্পনায় একটি ভূমিকাও থাকবে শেখ রেহানার ছেলে রাদওয়ান মুজিব সিদ্দিক ববির। এটি ভারতের প্রধান বিরোধী দল কংগ্রেসের রাহুলপ্রিয়াঙ্কা গান্ধী মডেল অনুসরণের দৃষ্টান্ত। বর্তমানে শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন,

৩-এর পৃষ্ঠা দেখুন




## আন্তজাতিক 'নীল আকাশের জন্য নির্মল বায়ু' দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

আন্তজাতিক 'নীল আকাশের জন্য নির্মল বায়ু' দিবস উপলক্ষে আলোচনা সভা, শপথ বাক্য পাঠ ও চারা বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। রবিবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলা অ্যাকশন এইড বাংলাদেশ ও জাস্ট এনার্জি ট্রানজিশন নেটওয়াক বাংলাদেশ

৩-এর পৃষ্ঠা দেখুন

## জেরুজালেমে বাসস্ট্যান্ডে গুলি, নিহত ৫

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েলের জেরুজালেম শহরের উপকণ্ঠে এক বাসস্ট্যান্ডে বন্দুকধারীদের গুলিতে পাঁচজন নিহত হয়েছেন। বৃহস্পতিবার (৭ সেপ্টেম্বর) সকালে এ ঘটনা ঘটে বলে জানিয়েছে দেশটির অ্যাম্বুলেন্স সার্ভিস। পুলিশ জানায়, দুই হামলাকারী গাড়িতে করে এসে রামোট জংশনের একটি ব্যস্ত বাসস্ট্যান্ড লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি চালায়। এসময় ঘটনাস্থলেই পাঁচজন নিহত হন এবং অন্তত ১১ জন আহত হন। আহতদের মধ্যে ছয়জনের অবস্থা আশঙ্কাজনক। পুলিশের গুলিতে ঘটনাস্থলেই

৩-এর পৃষ্ঠা দেখুন



## নেপালে সহিংস বিক্ষোভে নিহত ১৪, রাজধানীতে কারফিউ জারি

সূর্যোদয় প্রতিবেদন

নেপালে সামাজিক যোগাযোগমাধ্যম ব্যবহারে সরকারি নিষেধাজ্ঞা ও দুর্নীতির প্রতিবাদে শুরু হওয়া বিক্ষোভ ভয়াবহ সহিংসতায় রূপ নিয়েছে। এ পর্যন্ত অন্তত ১৪ জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রাজধানী কাঠমান্ডুতে সেনাবাহিনী মোতায়েন করেছে সরকার। সোমবার সকালে রাজধানীর বাণেশ্বর

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পকে 'কাপুরুষ' আখ্যা, মোদিকে কড়া হুঁশিয়ারি কেজরিওয়ালের

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের বাণিজ্যনীতি নিয়ে বিস্ফোরক মন্তব্য করে ফের রাজনৈতিক অঙ্গনকে নাড়িয়ে দিলেন দিল্লির সাবেক মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির (আপ) আহ্বায়ক অরবিন্দ কেজরিওয়াল। শনিবার রাজকোটে এক সাংবাদিক বৈঠকে তিনি অভিযোগ করেন, মোদি সরকার আমেরিকার সঙ্গে বাণিজ্যিক দর কষাকষিতে হাঁটু গেড়ে বসেছে। এর ফলে দেশীয় কৃষক ও ব্যবসায়ীরা মারাত্মক ক্ষতির মুখে পড়ছেন। কেজরিওয়ালের

৩-এর পৃষ্ঠা দেখুন

## পুতিনকে আলোচনার টেবিলে আনতে নতুন ছক কষছে যুক্তরাষ্ট্র

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে আলোচনার টেবিলে বসাতে নতুন করে কৌশল আঁকছে যুক্তরাষ্ট্র। দেশটির অর্থমন্ত্রী স্কট বেসেন্টের দাবি, যুক্তরাষ্ট্র ও ইউরোপীয় ইউনিয়ন একসঙ্গে রাশিয়ার তেল ক্রেতাদের ওপর দ্বিতীয় পর্যায়ের

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## শক্তিশালী পাসওয়ার্ড যেভাবে সেট করবেন জি-মেইলে

সূর্যোদয় প্রতিবেদন



বর্তমান সময়ে ব্যক্তিগত ও পেশাগত যোগাযোগের প্রধান ভরসা ই-মেইল। ব্যাংকিং তথ্য, সামাজিক যোগাযোগমাধ্যমের লগইন কিংবা অফিসিয়াল ডকুমেন্ট- সবই জমা থাকে সেখানে। গুগলের জনপ্রিয় ই-মেইল প্ল্যাটফর্ম জি-মেইল ব্যবহার করছেন এখন ২.৫ বিলিয়নেরও বেশি মানুষ। ফলে হ্যাকারদের জন্য এটি বড় টার্গেটে পরিণত হয়েছে। সম্প্রতি বিভিন্ন নিরাপত্তা বিশেষজ্ঞের রিপোর্টে উঠে এসেছে, হ্যাকাররা নতুন কৌশলে ব্যবহারকারীদের অ্যাকাউন্টে অনুপ্রবেশের চেষ্টা চালাচ্ছে। এমনকি গুগলের বিপুল পরিমাণ তথ্য ফাঁসের আশঙ্কার কথাও শোনা যাচ্ছে। তবে কিছু সহজ কিন্তু কার্যকর পদক্ষেপ মেনে চললে জি-মেইল অ্যাকাউন্ট অনেকাংশে সুরক্ষিত রাখা সম্ভব। বিশেষজ্ঞরা বলছেন- টু-ফ্যাক্টর অথেন্টিকেশন চালু রাখা, ফিশিং ই-মেইল এড়িয়ে চলা এবং গুগলের সিকিউরিটি চেকআপ ব্যবহার করা জরুরি। এর পাশাপাশি সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো একটি শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করা। শক্তিশালী পাসওয়ার্ড কী? শক্তিশালী পাসওয়ার্ড হলো এমন একটি কোড যা সহজে অনুমান করা যায় না এবং পরীক্ষার মাধ্যমে ভাঙাও কঠিন। এজন্য নিয়মিত সময় পর পর পাসওয়ার্ড

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, মঙ্গলবার, ৯ সেপ্টেম্বর ২০২৫ ইং

## চার ফসলি মেহেরপুরে টিএসপি সংকট: কৃষকের দিন কাটছে উদ্বিগ্নতায়

মেহেরপুর জেলার চার ফসলি জমিতে ধান, কলা ও অন্যান্য ফসলের চাষিদের জন্য টিএসপি সার অতি জরুরি। কিন্তু চলতি মৌসুমে প্রয়োজনের তুলনায় বরাদ্দ কম হওয়ায় চাষিরা উৎপাদন ঝুঁকির মুখে পড়েছেন। সদর উপজেলার উজুলপুর গ্রামের আব্দুর রশিদ, গাংনীর কলা চাষি আবেদ আলী ও সাহারবাটির আয়নাল হকসহ অনেকেই ডিলারদের কাছ থেকে মাত্র কয়েক কেজি সার পেয়েছেন, যা তাদের ফসলের স্বাভাবিক বৃদ্ধির জন্য যথেষ্ট নয়। বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন মেহেরপুর শাখার তথ্য অনুযায়ী, আগস্ট মাসে জেলার চাহিদা ছিল ৮৪৫ টন, কিন্তু ডিলারদের বরাদ্দ পেয়েছেন মাত্র ১০৩ টন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক সামছুল আলম জানিয়েছেন, সরবরাহের অভাবে ঘাটতি তৈরি হয়েছে, তবে তা দ্রুত সমাধান করা হবে। জেলা প্রশাসকও উচ্চপর্যায়ে বরাদ্দ বৃদ্ধির চেষ্টা চালাচ্ছেন। কৃষকেরা মনে করছেন, বর্ষায় প্লাবিত অঞ্চলের সার মেহেরপুরে সরিয়ে দিলে সংকট অনেকটা কমে যেত। টিএসপি সংকট দীর্ঘস্থায়ী হলে কেবল চাষিরাই নয়, বাজারের সবজি ও খাদ্যদ্রব্যের দামও বৃদ্ধি পাবে। তাই তারা সরকারের সক্রিয় হস্তক্ষেপের প্রত্যাশা করছেন, যাতে এবারের মৌসুমে স্বাভাবিক চাষাবাদ চালানো সম্ভব হয়।

## সংস্কার না হওয়ায় নষ্ট হচ্ছে মৎস্য

(প্রথম পৃষ্টার পর)
বাড়ার পাশাপাশি ভোগান্তিতে পড়ছেন সংশ্লিষ্টরা। স্থানীয় বাসিন্দা মো. শরিফুল ইসলাম বলেন, "দীর্ঘদিন ধরে মৎস্য অবতরণ কেন্দ্রটি পড়ে নষ্ট হচ্ছে। এটি সংস্কার করা জরুরি।" মাছ ব্যবসায়ী মো. মনিরুল ইসলাম বলেন, "আমরা পাশের জেলাগুলোতে মাছ বিক্রি করতে যাই। এই মৎস্য অবতরণ কেন্দ্র আবার চালু হলে আমরা লাভবান হব।" আরেক মাছ ব্যবসায়ী মো. কামাল উদ্দিন বলেন, "খাল-বিল ও পুকুর থেকে মাছ ধরে এনে এই কেন্দ্রে বেচাকেনা হতো। বর্তমানে পরিত্যক্ত অবস্থায় পড়ে রয়েছে। তাই দ্রুত চালুর দাবি জানাই।" উপজেলা মৎস্য কর্মকর্তা খন্দকার মো. সহিদুর রহমান বলেন, "ঝুঁকিপূর্ণ ভবন, জরাজীর্ণ পন্টুন ও পানির সংকটের পাশাপাশি মাছ রাখার পর্যাপ্ত জায়গা না থাকায় প্রতিদিনই অতিরিক্ত খরচ করে জেলার বাইরে মাছ বিক্রি করতে হচ্ছে। এ কারণে ভোগান্তি পোহাচ্ছেন জেলে, মৎস্য শ্রমিক ও ব্যবসায়ীরা। সমস্যা সমাধান করে দ্রুত মৎস্য অবতরণ কেন্দ্রটি চালুর চেষ্টা করা হবে।"

## 'প্রযুক্তির যুগে সাক্ষরতার প্রসার'

(প্রথম পৃষ্টার পর)
মানবিক উন্নয়ন ও সামাজিক অগ্রগতির চাবিকাঠি"ড় এমন বার্তা নিয়ে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন করেছে মেহেরপুরবাসী। গতকাল সোমবার (৮ সেপ্টেম্বর)সকাল ১০টায় আমঝুপি মউক হলরুমে এ উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভা ও র‍্যালিতে শিক্ষাবিদ, সমাজকর্মী ও জনপ্রতিনিধিদের প্রাণবন্ত অংশগ্রহণ ছিল। মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও গণসাক্ষরতা অভিযান (সিএএমপিই)-এর যৌথ উদ্যোগে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন সমাজসেবক মোঃ শহিদুল্লাহ। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুমাইয়া জাহান ঝুরকা। স্বাগত বক্তব্যে মউক নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম বলেন, "সাক্ষরতার হার বাড়াতে হলে পরিবার থেকে শুরু করে সমাজের প্রতিটি স্তরে সচেতনতার বাতাবরণ তৈরি করতে হবে।" সভায় বক্তব্য রাখেন সাবেক পৌর কাউন্সিলর আব্দুর রহিম, আব্দুর রকিব ও আকতার হোসেন। প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ কাজল রেখা মূল প্রবন্ধ উপস্থাপন করেন এবং শিক্ষার মানোন্নয়ন, ঝরে পড়া রোধ ও মেহেরপুর জেলার বোর্ড পরীক্ষার ফলাফল উন্নয়নের নানা দিক তুলে ধরেন। অনুষ্ঠানটি উপস্থাপনা করেন মানবাধিকার কর্মী সাদ আহম্মেদ। আলোচনার আগে বর্ণাঢ্য র‍্যালি আমঝুপির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিতে শিশু, নারী, শিক্ষক, সমাজকর্মী ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতি অনুষ্ঠানে নতুন মাত্রা যোগ করে। সভায় আলোচকরা উল্লেখ করেন, মেহেরপুরে সাক্ষরতার হার ক্রমাগত উন্নতি হলেও এখনো কিছু চ্যালেঞ্জ রয়ে গেছে। বিশেষ করে গ্রামীণ ও প্রান্তিক পরিবারের শিশুরা নানা কারণে ঝরে পড়ছে। পরীক্ষার ফলাফলে এ প্রভাব স্পষ্ট হলেও সম্মিলিত উদ্যোগে পরিস্থিতি বদলানো সম্ভব বলে মত দেন বক্তারা।

চুয়াডাঙ্গা : আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপন উপলক্ষে চুয়াডাঙ্গায় আলোচনা সভা ও শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার (৮ সেপ্টম্বর) সকাল ১০ টায় জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শোভাযাত্রাটি বের করা হয়। এটি শহরের কোট মোড় ঘুরে আবার একইস্থানে গিয়ে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক শারমিন আক্তার। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক সোহাগ হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে শুরুর বক্তব্য দেন শিক্ষার্থী মাশরুরা মাহজাবিন মাঙ্গশা। এছাড়া বক্তব্য দেন মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সোয়েব আক্তার, কালেক্টরেট স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মাসুদুজ্জামান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বিপুল আশরাফ ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অহিদ্র কুমার মণ্ডল। বক্তারা বলেন, দেশে বর্তমানে সাক্ষরতার হার ৭৭.৯০ শতাংশ। সেই তুলনায় চুয়াডাঙ্গা জেলা পিছিয়ে নেই। এ জেলায় সাক্ষরতার হার ৭১.২০ শতাংশ। এর মধ্যে পুরুষ ৭২.০৫ শতাংশ ও নারী ৭০.৩৮ শতাংশ। শুধুমাত্র স্বাক্ষর করতে জানলেই সাক্ষরজ্ঞান সম্পন্ন মানুষ হিসেবে ধরা হবে না। কমপক্ষে একটি ভাষা লিখতে ও পড়তে জানতে হবে। তাহলে তাকে সাক্ষরজ্ঞান সম্পন্ন মানুষ বলা যায়। তবে এ সঙ্গার পরিবর্তন হচ্ছে।

## ভোক্তা-অধিকারের অভিযানে ৩৫

(প্রথম পৃষ্টার পর)
ব্যবসা পরিচালনা এবং উৎপাদন ও মেয়াদোত্তীর্ণ তারিখবিহীন শিশু খাদ্য (চিপস, জুস ও লজেন্স) বাজারজাত করার দায়ে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৩৭, ৪৫ ও ৫২ ধারায় শাস্তি দেওয়া হয়। জরিমানার মধ্যে মিলন স্টোরকে ১০ হাজার টাকা, মেসার্স ইসরাইল এন্টারপ্রাইজকে ১৫ হাজার টাকা এবং গাজী হোম ডেলিভারিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। একই সঙ্গে দ্রুততম সময়ে অনিয়ম দূর করার নির্দেশনা দেওয়া হয়েছে। অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মোহাম্মদ মামুনুল হাসান। এ সময় স্যানিটারি ইন্সপেক্টর মো. তারিকুল ইসলাম এবং জেলা পুলিশের একটি টিম সহযোগিতা করেন।

## মেহেরপুরে পুলিশের বিশেষ কল্যাণ

(প্রথম পৃষ্টার পর)
করেন জেলা পুলিশ সুপার জনাব মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকী। দায়িত্বের কঠোর শৃঙ্খলার মাঝে এমন সভা যেন এক ধরনের স্বস্তি এনে দেয় সদস্যদের মাঝে। একে একে ফোর্সের সদস্যরা নিজেদের সমস্যার কথা জানালে পুলিশ সুপার মনোযোগ সহকারে তা শোনেন। শুধু শোনা নয়, তিনি আশ্বস্ত করেন, যে সমস্যাগুলো সমাধানযোগ্য, তা দ্রুতই সমাধানে ব্যবস্থা নেওয়া হবে। কল্যাণ সভায় উঠে আসে নানা বিষয়ড়কর্মপরিবেশ, চিকিৎসা সুবিধা, আবাসন সমস্যা থেকে শুরু করে দৈনন্দিন দায়িত্ব পালনের বাস্তব চিত্র। এসব কথা শুনে পুলিশ সুপার বলেন, "আমার কাছে সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, যারা মাঠে দিনরাত পরিশ্রম করছেন তাদের স্বার্থ রক্ষা করা। তাদের সমস্যার সমাধান হলে দায়িত্ব পালনের মনোবল আরও বেড়ে যাবে।" সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) মোঃ জামিনুর রহমান খান, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মোঃ আহসান খান. , অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)আবদুল করিম সহ জেলা পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তারা। তারা পুলিশের কল্যাণে গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন এবং সদস্যদের পাশে থাকার অঙ্গীকার ব্যক্ত করেন।

দিনশেষে কল্যাণ সভাটি যেন হয়ে ওঠে আস্থা ও সম্পর্কের এক মঞ্চ যেখানে উর্ধ্বতন কর্মকর্তারা আর সদস্যদের মাঝে তৈরি হয় এক সেতুবন্ধন।

## ইয়াবার ছোবলে আক্রান্ত বাংলাদেশঃ সীমান্ত ফাঁকি ও যুবসমাজের বিপর্যয়

সৈয়দ আনোয়ার



বাংলাদেশ জুড়ে এখন এক ভয়ঙ্কর আতঙ্কের নাম ইয়াবা। ধনী-গরিব, শ্রমিক-অফিসার কিংবা ছাত্র-যুবক কেউই রেহাই পাচ্ছে না এই মরণনেশার ছোবল থেকে। মানবদেহের জন্য ভীষণ ক্ষতিকর এই মাদক যেমন শারীরিক ক্ষতি করছে, তেমনি বাড়িয়ে দিচ্ছে বিবাহ বিচ্ছেদ, হত্যা-খুন, চুরি-ডাকাতি ও পারিবারিক অশান্তি। বিশেষ করে বেকার যুবকরা ইয়াবার টাকা জোগাড় করতে জড়িয়ে পড়ছে চুরি, ছিনতাই, এমনকি ভয়ঙ্কর কিশোর গ্যাং গঠনে। মাদকাসক্ত হয়ে তারা পরিবার থেকে বিচ্ছিন্ন হচ্ছে, হারাচ্ছে নৈতিকতা ও মানবিকতা। এক সময় যারা সমাজ গড়ার কথা ছিল, তারাই হয়ে উঠছে সমাজের বোঝা। সরকার নানা উদ্যোগ নিলেও প্রতিদিন সীমান্ত ফাঁকি দিয়ে দেশে ঢুকছে ইয়াবা। ফলে শহর থেকে গ্রাম সর্বত্র এটি সহজলভ্য হয়ে পড়েছে। একসময় লুকিয়ে লুকিয়ে বিক্রি হলেও এখন স্থানীয় বাজার বা চায়ের দোকানেও ইয়াবা পাওয়া যাচ্ছে- এ যেন মৃত্যুর পসরা সাজানো হয়েছে চারদিকে। ইয়াবার ছোবল থেকে সমাজকে রক্ষা করতে হলে প্রথমেই প্রয়োজন কঠোর আইন প্রয়োগ। মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে শুধু গ্রেপ্তার নয়, দ্রুত বিচার নিশ্চিত করতে হবে। বিশেষ ট্রাইব্যুনালের মাধ্যমে শাস্তি কার্যকর না হলে ব্যবসায়ীদের দৌরাত্ম্য কখনোই কমবে না। পাশাপাশি সীমান্তে উন্নত প্রযুক্তি ব্যবহার করে নজরদারি বাড়াতে হবে, যাতে মাদক দেশে প্রবেশের আগেই প্রতিহত করা যায়। শুধু আইন দিয়ে সমস্যা সমাধান সম্ভব নয়। পরিবার থেকেই সচেতনতা বাড়াতে হবে। সন্তানের চলাফেরা ও বন্ধুবান্ধবের খোঁজ রাখা অভিভাবকদের দায়িত্ব হতে হবে। স্কুল-কলেজে নিয়মিত মাদকবিরোধী সেমিনার, প্রচারাভিযান এবং সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। আরেকটি বড় কারণ হলো বেকারত্ব। কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি না করলে যুব সমাজ আবারো নেশার জালে জড়িয়ে পড়বে। তাই কারিগরি শিক্ষা, উদ্যোক্তা তৈরির সুযোগ, ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে তরুণদের সম্পৃক্ত করা জরুরি। কাজের সুযোগ থাকলে ইয়াবার মতো ধ্বংসাত্মক পথে তারা আর যাবে না। এছাড়া ইতিমধ্যে যারা আসক্ত হয়ে পড়েছে, তাদের জন্য শুধু শাস্তি নয়, চিকিৎসা ও পুনর্বাসনের ব্যবস্থাও জরুরি। সরকারি-বেসরকারি পর্যায়ে আসক্তি নিরাময় কেন্দ্রের সংখ্যা বাড়াতে হবে এবং পুনর্বাসিতদের কর্মসংস্থানের পথ খুলে দিতে হবে, যাতে তারা আবার সমাজে স্বাভাবিক জীবনে ফিরতে পারে।

( সংবাদকর্মী, হোমনা,কুমিল্লা)

## সিদরাতুল মুনতাহা' কী, এটি কোথায়

জাহেদুল ইসলাম

ইসলামের আধ্যাত্মিক ইতিহাসে কিছু শব্দ আছে, যেগুলো উচ্চারণ করলেই হৃদয় রহস্যময় আলোয় ভরে ওঠে। "সিদরাতুল মুনতাহা" তেমনই এক পরিভাষা। কুরআনের সূরা আন-নাজমে আল্লাহ তাআলা এই মহিমান্বিত সত্তার উল্লেখ করেছেন। সেখানে বর্ণিত হয়েছে, নবী করিম সা. মেরাজের রাতে পৌঁছেছিলেন সেই মহাবৃক্ষের কাছে, যার পাশে আছে জান্নাতুল মাওয়া। মুফাসসিররা বলেন, সিদরাতুল মুনতাহা সপ্তম আসমানে অবস্থিত এক মহাবৃক্ষ, যেখানে গিয়ে থেমে যায় সব সৃষ্টির যাত্রা। ফেরেশতারা পর্যন্ত এর পরে আর অগ্রসর হতে পারে না। রাসুলুল্লাহ সা. মেরাজের রাতে সেখানে পৌঁছেছিলেন বিশেষ মর্যাদায়, যা আর কারো জন্য নির্ধারিত হয়নি। ইমাম নববী (রহ.) তার ব্যাখ্যায় লিখেছেন, সিদরাতুল মুনতাহা সেই সীমানা, যেখানে এসে থেমে যায় ফেরেশতাদের জ্ঞান, নবীদের যাত্রা এবং মানুষের কল্পনা। এর পরের জগত আল্লাহর অনন্ত মহিমা ছাড়া আর কিছুই নয়। এর নামকরণও অর্থবহ। 'সিদরাহ' মানে বড় বৃক্ষ, আর 'মুনতাহা' মানে সমাপ্তি। অর্থাৎ এটি সেই বৃক্ষ, যার কাছে এসে শেষ হয়ে যায় সব কিছুর গমন। ইবনে আব্বাস (রা.) বলেছেন, এখানে এসে সমস্ত সৃষ্টির জ্ঞান সমাপ্ত হয়, এর পরে আর কিছু অবশিষ্ট থাকে না, কেবল আল্লাহর জ্ঞানের অসীম ভাণ্ডার। রাসুলুল্লাহ সা. এর সৌন্দর্য বর্ণনা করতে গিয়ে বলেছেন, এর পাতাগুলো হাতির কানসম বড়, আর ফলগুলো বিশাল পাত্রের মতো। সহিহ মুসলিমে এসেছে, যখন আল্লাহর নূর এটিকে আচ্ছন্ন করে, তখন এর সৌন্দর্য এমন হয়ে ওঠে যে কোনো সৃষ্টি তা বর্ণনা করতে সক্ষম নয়। সিদরাতুল মুনতাহা শুধু আসমানি এক স্থান নয়; এটি প্রতীকও বটে। এটি সীমারেখার প্রতিচ্ছবি, যেখানে এসে মানুষ উপলব্ধি করে জ্ঞানেরও এক সীমা আছে, শক্তিরও এক সীমানা আছে। এরপর থাকে কেবল আল্লাহর সীমাহীন মহিমা। মেরাজের রাত তাই আমাদের শেখায়, জীবনের সেরা উচ্চতাও আসলে সীমাবদ্ধ, আর সীমাহীন কেবল আল্লাহর সান্নিধ্য।

## মেহেরপুর স্কাউটের জেলা

(প্রথম পৃষ্টার পর)
সম্পাদক আশরাফুজ্জামান বাবলু, মুজিবনগর উপজেলা স্কাউটসের কমিশনার রুথছবি বিশ্বাস, জহিরুল ইসলাম প্রমুখ।

## গাংনীতে শিশু নির্যাতনের অভিযোগে

(প্রথম পৃষ্টার পর)
বাদী হয়ে অভিযুক্ত আকাশের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে থানায় মামলা করেছেন। গাংনী থানা পুলিশের ইন্সপেক্টর (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন বিষয়টি নিশ্চিত করেছেন।

স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, রোববার (৮ সেপ্টম্বর) বিকেল সাড়ে পাঁচটার দিকে উপজেলার ষোলটাকা ইউনিয়নের সহাড়াবাড়িয়া গ্রামের আতিয়ার রহমানের ছেলে আকাশ প্রতিবেশীর ৭ বছরের শিশুকে ডেকে নিয়ে স্থানীয় ইউনুস আলির নির্মাণাধীন ঘরে জোরপূর্বক ধর্ষণের চেষ্টা চালায়। শিশুর চিৎকারে প্রতিবেশীরা ছুটে আসলে অভিযুক্ত আকাশ সেখান থেকে দ্রুত পালিয়ে যায়। খবর পেয়ে পরিবারের লোকজন আকাশকে হেমায়েতপুর বাজার থেকে ধরে গ্রামে নিয়ে আসে। পরে তাকে গাছে বেঁধে চড় থাপ্পড় মেরে পুলিশে সোপর্দ করে স্থানীয়রা। গাংনী থানা ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন জানান, গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নে কন্যা শিশুকে ধর্ষণের চেষ্টার অভিযোগে নারী ও শিশু নির্যাতন দমন আইনে থানায় একটি মামলা করা হয়েছে। অভিযুক্ত আকাশকে গ্রেফতার করা হয়েছে।

## নির্বাচনকে ঘিরে সেনাবাহিনীর প্রস্তুতি,

(প্রথম পৃষ্টার পর)
নির্বাচনের জন্য মাঠে কাজ করবে। আমাদের নিজেদের প্রস্তুতি ইতোমধ্যেই সম্পন্ন রয়েছে।" সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে কর্নেল শফিকুল ইসলাম বলেন, কমিশনের নির্দেশনা পেলেই সেনাবাহিনী দায়িত্ব পালন শুরু করবে। তবে ডাকসু নির্বাচন নিয়ে যে ধরনের গুজব বা বিভ্রান্তি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়ানো হচ্ছে, তার সঙ্গে সেনাবাহিনীর কোনো সংশ্লিষ্টতা নেই। তিনি পরিষ্কার করে জানান, "ডাকসু নির্বাচনে সেনাবাহিনী কোনো ভূমিকা রাখছে না। এ বিষয়ে আমরা আগেও আইএসপিআরের মাধ্যমে জানিয়েছি। কিছু স্বার্থান্বেষী মহল প্রোপাগান্ডা চালানোর চেষ্টা করছে, কিন্তু এতে খুব একটা লাভ হবে না।" এ সময় সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত কিছু কর্মকর্তা সামাজিক মাধ্যমে বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছেনড়এমন অভিযোগ প্রসঙ্গে কর্নেল শফিকুল বলেন, "তাদের উদ্দেশ্য জনগণ ভালোভাবেই জানে। এসব প্রোপাগান্ডা কেউ বিশ্বাস করে না। সরকার এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেবে।" সেনাসদরের এই কর্মকর্তা আরও জানান, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের জন্য সেনাবাহিনী সর্বোচ্চ সতর্ক অবস্থায় রয়েছে। এখন শুধু নির্বাচন কমিশনের আনুষ্ঠানিক নির্দেশনার অপেক্ষায় তারা।

## যতারপুর স্মৃতি ফুটবল টুর্নামেন্টে জয়ী

(প্রথম পৃষ্টার পর)
বিকালে অনুষ্ঠিত ফাইনাল খেলায় পোড়াদাহ ওয়ান্ডার্স ১-০ গোলে বন্দর স্পোর্টিং ক্লাবকে পরাজিত করে। খেলায় বিজয়ী দলের সিয়াম শেষ দুই মিনিটে জয়সূচক গোলটি করেন। খেলায় সিয়াম ম্যান অব দ্যা ম্যাচ এবং রাসেল সেরা খেলোয়াড় নির্বাচিত হন। খেলা শেষে ম্যান অব দ্যা ম্যাচ ও সেরা খেলোয়াড়ের পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহাজনপুর ইউনিয়ন পরিষদের ১ ও ২ নং ওয়ার্ডের ইউপি সদস্য আখতারুজ্জামান খোকন ও সেলিম রেজা, সাবেক ইউপি সদস্য নুরুল ইসলাম ও সাজমত আলী এবং টুর্নামেন্টের প্রধান উপদেষ্টা মো: মুছাব বিল্লাল।

## মাদক সম্রাট ঝন্টুর সেকেন্ড ইন

(প্রথম পৃষ্টার পর)
সকালে সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামে সেনাবাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ অভিযানে ৬০ গ্রাম হেরোইনসহ চাঁদ আলী (৪৫)কে আটক করা হয়। তিনি কুলবাড়িয়া গ্রামের আমেশাতলা পাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে। অভিযানটি পরিচালনা করেন সেনাবাহিনীর সার্জেন্ট আশরাফ আলী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক রহমত আলী। অভিযানের সময় চাঁদ আলীর বাড়ি ঘেরাও করে তল্লাশি চালানো হলে তার কাছ থেকে ৬০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. বেলাল হোসেন জানান, "বিশেষ টিমের এ অভিযানে হেরোইনসহ অভিযুক্তকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে এবং আটক ব্যক্তিকে আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।" অভিযানে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের এএসআই রফিকুজ্জামান, রুহুল আমিনসহ সেনাবাহিনীর সদস্যরা। স্থানীয় গ্রামবাসী জানান, চাঁদ আলী ২০২৩ সালে সেনাবাহিনী থেকে অবসর নেওয়ার পর কুলবাড়িয়ায় মাদক ব্যবসায় জড়িয়ে পড়েন। এরপর থেকে গ্রামটি মাদক ব্যবসার জন্য 'অভয়ারণ্য' হিসেবে পরিচিত হয়ে ওঠে। প্রতিবাদী গ্রামবাসীর উপর ঝন্টু বাহিনী ও চাঁদ আলী শারীরিক ও মানসিক নিপীড়ন চালাতো। গ্রামের সোহেল বলেন, "ঝন্টু ও চাঁদ আলীর কারণে গ্রামের তরুণ প্রজন্ম বিপন্ন। মাদক সেবনের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে। গ্রামের কেউ মাদকের বিরুদ্ধে মুখ খুলতে পারত না। যারা প্রতিবাদ করতো, তাদের উপর শারীরিক হুমকি ও নির্যাতন হতো।" তিনি আরও জানান, ২০২৩ সালের ১২ অক্টোবর মাদকের বিরুদ্ধে প্রতিবাদ করার সময় দুই যুবক জুয়েল রানা ও সোহেল রানা ঝন্টু বাহিনীর হাতে আহত হন। এরপর গ্রামবাসী মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে মানববন্ধনও করে। গ্রামবাসীর অভিযোগ, কুলবাড়িয়ায় এখনো মাদক বিক্রি ও সেবন হচ্ছে। তারা দাবি করেছেন, মেহেরপুরের চিহ্নিত সন্ত্রাসী দুখু বাহিনীর সদস্য ঝন্টু বিশ্বাস ও চাঁদ আলীর নেতৃত্বে মাদক ব্যবসা পরিচালিত হয়। গ্রামবাসী প্রশাসনের প্রতি আহ্বান জানিয়েছেন, চাঁদ আলীর মতো মাদক সম্রাট ঝন্টু বিশ্বাসকেও দ্রুত আইনের আওতায় আনা হোক।

## এক দেশে কী দুই সংবিধান থাকতে

(প্রথম পৃষ্টার পর)
ও বিচারব্যবস্থা পরিচালিত হচ্ছে। যদি হঠাৎ বলা হয় পরিবর্তিত সংবিধান কার্যকর হয়ে গেছে, তখন প্রশ্ন উঠবেড়কোন কর্তৃপক্ষ সেই পরিবর্তন করেছে? আদালতই বা কী বলবে?" তিনি বলেন, সংবিধান সংস্কার কিংবা সংশোধনের উপযুক্ত ফোরাম হলো জাতীয় সংসদ। তবে সংসদের বাইরে যেসব সংস্কার প্রস্তাব নিয়ে সবাই একমত হয়েছেন, সেগুলো সরকার চাইলে নির্বাহী আদেশ বা অধ্যাদেশ জারির মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে পারে। সালাহউদ্দিন উদাহরণ টেনে বলেন, "আজকে আমি গণপ্রতিনিধিত্ব আদেশ (আরপিও) সংশোধনের একটি খসড়া দেখলাম। সেটি এখনো মন্ত্রিসভায় বিবেচনাধীন। অধ্যাদেশ জারি হতে আরও সময় লাগবে। অথচ যেসব বিষয় যৌক্তিক ও গ্রহণযোগ্য, সেগুলো এখনই অধ্যাদেশ জারি করে বাস্তবায়ন করা সম্ভব।" তিনি আরও বলেন, "আমাদের প্রস্তাব হলোড়সরকার স্বাধীনভাবে সংস্কারের যে অংশগুলোতে সর্বসম্মতি আছে, তা অবিলম্বে কার্যকর করুক। এতে বিভ্রান্তি তৈরি হবে না।" আসন্ন জাতীয় নির্বাচনের প্রসঙ্গ টেনে বিএনপির এই নেতা বলেন, "২০২৬ সালের ফেব্রুয়ারির রমজানের এক সপ্তাহ আগে কিংবা তারও আগে নির্বাচন হবে। আমরা এখন নির্বাচনী আবহে প্রবেশ করেছি। সারাদেশে নির্বাচনী আমেজ সৃষ্টি হয়েছে। খুব শিগগিরই তারেক রহমান দেশে ফিরবেন। সেদিন থেকে নির্বাচন প্রক্রিয়ার অর্ধেক কাজ সমাপ্ত হবে। সারাদেশে বিএনপির প্রচারণা তুঙ্গে উঠবে। তারেক রহমানের প্রত্যাবর্তন হবে দেশের জন্য এক অবিস্মরণীয় ঐতিহাসিক ঘটনা।" তিনি রাজনৈতিক প্রতিপক্ষকে উদ্দেশ করে বলেন, "যারা কাঁটা বিছানোর চেষ্টা করছে বা বিভ্রান্তি ছড়াচ্ছে, তাদের প্রতি আহ্বান এখন আর সময় নষ্ট না করে নির্বাচনী পরিবেশ গড়ে তোলার কাজে সহযোগিতা করুন।"

## কোলা গ্রামে জামায়াতে ইসলামী'র

(প্রথম পৃষ্টার পর)
শাখার নায়েবে আমির মাওলানা মাহাবুব উল আলম। অনুষ্ঠানে মেহেরপুর সদর উপজেলা আমির মাওলানা সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, আমঝুপি ইউনিয়ন জামায়াতে ইসলামী নেতা মহসিন আলী, কোলা ওয়ার্ড সভাপতি সুলতান মাষ্জাটার মাতুল ইসলাম এবং অন্যান্য নেত্রীবৃন্দ উপস্থিত ছিলেন। গণসংযোগে কোলা গ্রামের বিভিন্ন সড়কের দোকানপাটে দলীয় কার্যক্রম এবং জনগণের সঙ্গে সরাসরি যোগাযোগের মাধ্যমে মতবিনিময় করা হয়।

## দুই ইউনিয়ন বাদে কুষ্টিয়া সদর

(প্রথম পৃষ্টার পর)
থেকে বাদ দেওয়া হয়েছে। এর প্রতিবাদে দুই ইউনিয়নের নেতাকর্মীরা জেলা কার্যালয়ের সামনে বিক্ষোভ ও ঘেরাও কর্মসূচি পালন করেন। কুষ্টিয়া জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক সংসদ সদস্য অধ্যক্ষ আলহাজ সোহরাব উদ্দিন বলেন, "আমরা বলেছিলাম হরিনারায়নপুর ও আবদালপুর ইউনিয়নের সম্মেলন করে সদস্যদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। কিন্তু জেলা বিএনপি তা করতে ব্যর্থ হয়েছে।" অন্যদিকে জেলা বিএনপির সদস্য সচিব প্রকৌশলী জাকির হোসেন সরকার বলেন, "সদর উপজেলার সম্মেলন ও গোপন ব্যালটের মাধ্যমে নেতা নির্বাচনের সব প্রক্রিয়া নিয়ম মেনে সম্পন্ন হয়েছে। সমস্যা থাকা দুটি ইউনিয়নের সম্মেলন পরবর্তীতে গোপন ব্যালটের মাধ্যমে আয়োজন করা হবে। বিষয়টি কেন্দ্রীয় নেতারাও জানেন।" তিনি আরও বলেন, "সদর উপজেলার নির্বাচনী প্রক্রিয়া ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। তেরোটি ইউনিয়নে নির্বাচনী আমেজ বিরাজ করছে। শেষ মুহূর্তে কিছু ভুল বোঝাবুঝির কারণে বিক্ষোভ কর্মসূচি হয়েছে।"

## চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় স্কুলছাত্র নিহত

(প্রথম পৃষ্টার পর)
দিকে মুজিবনগর-কার্পাসডাঙ্গা সড়কের কাউন্সিল মোড় এলাকায় দ্রুতগামী একটি মোটরসাইকেল মোড় ঘোরার সময় বিপরীত দিক থেকে আসা আরেকটি মোটরসাইকেলের সঙ্গে সংঘর্ষ হয়। এতে জিহাদ ছিটকে পড়ে গুরুতর আহত হয়। তার মাথা ও শরীরের বিভিন্ন স্থানে আঘাত লাগে। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। অবস্থার অবনতি হলে রাতেই চিকিৎসকরা তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে চিকিৎসাধীন গতকাল সোমবার ভোর ৫টার দিকে তার মৃত্যু হয়। এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) হুমায়ুন কবির বলেন, 'ঘটনার বিষয়ে এখনো কোনো অভিযোগ পাওয়া যায়নি।'

## সদর ইউএনও'র মন্দির পরিদর্শন

সোমবার (৮ সেপ্টম্বর) বিকেলে ইউএনও খায়রুল ইসলাম সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া, পিরোজপুর ইউনিয়নের পিরোজপুর, বারাদি ইউনিয়নের বারাদি, আমঝুপি ইউনিয়নের আমঝুপিসহ মোট সাতটি মন্দির পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি মন্দির কমিটির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় ইউএনও মন্দির কমিটির নেতাদের প্রতি আহবান জানিয়ে বলেন, সকল ধর্মপ্রাণের মিলিত প্রচেষ্টায় শারদীয় দুর্গোৎসব সুষ্ঠুভাবে ও শান্তিপূর্ণভাবে উদযাপন করতে হবে। সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুমাইয়া জাহান ঝুরকা এ সময় উপস্থিত ছিলেন।

## এবারও দুর্গাপূজায় ভারতে যাচ্ছে ইলিশ

(প্রথম পৃষ্টার পর)
লাইসেন্সসহ অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি দাখিল করতে হবে। প্রতি কেজি ইলিশের ন্যূনতম রপ্তানি মূল্য সরকার নির্ধারণ করেছে ১২.৫ মার্কিন ডলার। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ইতিমধ্যে যারা আবেদন করেছেন, তাদেরও নতুনভাবে আবেদন দাখিল করতে হবে। বাংলাদেশ থেকে ভারতে ইলিশ রপ্তানি শুরু হয় ২০১৯ সালে। প্রথম তিন চালান বেনাপোল স্থলবন্দর দিয়ে পাঠানো হয়, প্রতি কেজি ৬ ডলার দরে। পরবর্তীতে রপ্তানি মূল্য বৃদ্ধি পেয়ে ১০ ডলার পর্যন্ত ওঠে। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) তথ্য অনুযায়ী, ২০১৯-২০ অর্থবছরে ৪৭৬ টন ইলিশ রপ্তানি হয়, আয় হয়েছিল ৩৯ লাখ ৫০ হাজার ডলার। এরপরের অর্থবছরে রপ্তানি ও আয়ের পরিমাণ ক্রমশ বৃদ্ধি পায়। তবে সাম্প্রতিক বছরগুলোতে অনুমোদিত পরিমাণের তুলনায় কার্যত রপ্তানি কম হয়। উদাহরণস্বরূপ, গত বছর ৭৯টি প্রতিষ্ঠানকে ৩,৯৫০ টন ইলিশ রপ্তানির অনুমতি দেওয়া হয়, কিন্তু বেনাপোল ও আখাউড়া স্থলবন্দর দিয়ে মোট ৮০২ টন ইলিশ রপ্তানি হয়। এবারও দুর্গাপূজার আগে ভারতীয় ভোক্তাদের জন্য বাংলাদেশি ইলিশের সরবরাহ অব্যাহত থাকবে। আগামী ২৮ সেপ্টেম্বর থেকে শুরু হবে দুর্গাপূজা, এবং তার আগে ইলিশ পৌঁছে যাবে ভারতীয় বাজারে।

## ভারতের ওপর ফের শুল্ক আরোপের প্রস্তুতি নিচ্ছে আমেরিকা

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার কাছ থেকে তেল কেনা অব্যাহত রাখায় ভারতের ওপর ফের মার্কিন শুল্ক আরোপের সম্ভাবনা তৈরি হয়েছে। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সোমবার এ বিষয়ে সংক্ষিপ্তভাবে মুখ খুলেছেন। হিন্দুস্তান টাইমসের প্রতিবেদন অনুযায়ী, একদিন আগে যুক্তরাষ্ট্রের অর্থমন্ত্রী স্কট বেসেন্ট হুঁশিয়ারি দেন যে, রাশিয়ার তেল কিনতে থাকা দেশগুলোর ওপর আরও শুল্ক আরোপ করা হলে রাশিয়ার অর্থনীতি ধসে পড়বে এবং প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনকে ইউক্রেন যুদ্ধ নিয়ে আলোচনার টেবিলে আসতে হবে। এ প্রসঙ্গে ট্রাম্পকে যখন ফের শুল্ক চাপানোর প্রশ্ন করা হয়, তিনি সংক্ষিপ্তভাবে বলেন, "হ্যাঁ, আমি প্রস্তুত।" তবে এ বিষয়ে তিনি আর বিস্তারিত কিছু জানাননি। এর আগে আলাস্কায় ট্রাম্প-পুতিন বৈঠকের আগে ভারতের ওপর ২৫ শতাংশ অতিরিক্ত শুল্ক আরোপ করেছিল যুক্তরাষ্ট্র। সেই সময়ও অভিযোগ করা হয়েছিল, ভারত রাশিয়ার কাছ থেকে তেল কিনছে, যা ইউক্রেনে যুদ্ধ চালানোর জন্য পুতিনের অর্থায়ন করছে। বেসেন্ট জানান, "আমরা রাশিয়ার ওপর চাপ বাড়াতে প্রস্তুত। কিন্তু আমাদের ইউরোপীয় অংশীদারদেরও একই পথে চলা উচিত।" যদিও কোন দেশের নাম সরাসরি উল্লেখ করেননি, রাশিয়ার তেল ক্রেতাদের মধ্যে ভারতের অবস্থান গুরুত্বপূর্ণ। বিশ্লেষকরা মনে করছেন, ট্রাম্পের সংক্ষিপ্ত মন্তব্য ভারতের ওপর নতুন শুল্ক আরোপের ইঙ্গিত হিসেবে দেখা যেতে পারে।

## ট্রায়ালে শতভাগ সফল রাশিয়ার ক্যান্সার ভ্যাকসিন

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বজুড়ে ক্যান্সারের কার্যকর চিকিৎসা নিয়ে চলছে নিরন্তর গবেষণা। এবার আশার আলো দেখাল রাশিয়া। দেশটির বিজ্ঞানীরা দাবি করেছেন, তাদের তৈরি ক্যান্সার ভ্যাকসিন প্রাথমিক ট্রায়ালে শতভাগ সাফল্য পেয়েছে। খবর রুশ বার্তা সংস্থা তাসের বরাতে জানিয়েছে ইন্ডিয়া টুডে। রাশিয়ার ফেডারেল মেডিকেল অ্যান্ড বায়োলজিক্যাল এজেন্সি (এফএমবিএ) তৈরি করেছে এই ভ্যাকসিন, যার নাম 'এন্টেরোমিক্স'। প্রতিষ্ঠানটির প্রধান ভেরোনিকা এসকেভরসোভা রোববার ইন্টার্ন ইকোনমিক ফোরামে এ সাফল্যের কথা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। ক্যান্সার প্রতিরোধে তৈরি এ ভ্যাকসিনটি উদ্ভাবন করা হয়েছে আধুনিক এমআরএনএ প্রযুক্তি ব্যবহার করেড়যে প্রযুক্তিতে তৈরি হয়েছিল করোনাভাইরাসের টিকাও। ভাইরাসকে সরাসরি আক্রমণ না করে এমআরএনএ ভ্যাকসিন শরীরের কোষকে প্রোটিন উৎপাদনে সহায়তা করে। এ প্রোটিন শরীরকে ক্যান্সার সৃষ্টিকারী কোষ বা ভাইরাসের বিরুদ্ধে লড়াই করতে সক্ষম করে তোলে। ভেরোনিকা এসকেভরসোভা জানান, দীর্ঘ কয়েক বছরের গবেষণা এবং টানা তিন বছরের প্রাথমিক ট্রায়ালের পর তারা ইতিবাচক ফলাফল পেয়েছেন। বারবার প্রয়োগের পরও ভ্যাকসিনটি সম্পূর্ণ নিরাপদ প্রমাণিত হয়েছে। শুধু তাই নয়, অনেক রোগীর ক্ষেত্রে টিউমার ৬০ থেকে ৮০ শতাংশ পর্যন্ত সংকুচিত হতে দেখা গেছে। অন্য একটি সূত্র জানিয়েছে, পরীক্ষামূলক প্রয়োগে ভ্যাকসিনের সাফল্যের হার ১০০ শতাংশ। রাশিয়ার স্বাস্থ্য মন্ত্রণালয়ের দাবি, 'এন্টেরোমিক্স' বিশেষ করে ত্বকের সবচেয়ে মারাত্মক ক্যান্সার মেলানোমার ঝুঁকি কমাতে পারবে। পাশাপাশি এটি অগ্ন্যাশয়, কিডনি এবং ফুসফুসের ক্যান্সারের বিরুদ্ধেও সুরক্ষা দেবে। গবেষকদের ধারণা, এর কার্যপ্রণালী বিবেচনায় ভ্যাকসিনটি অন্য ধরনের ক্যান্সার প্রতিরোধেও ভূমিকা রাখতে পারে। বিশেষজ্ঞরা মনে করছেন, প্রি-ক্লিনিক্যাল ট্রায়াল থেকে শুরু করে তিন ধাপের মানবদেহে পরীক্ষামূলক প্রয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত ভ্যাকসিনের পূর্ণ কার্যকারিতা ও নিরাপত্তা সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে না। তবে রাশিয়ার এ অগ্রগতি ক্যান্সার চিকিৎসায় এক নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আশা প্রকাশ করছেন চিকিৎসাবিজ্ঞানীরা।